

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
https://.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৭.২০.৬৪৯

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

**পরিপত্র**

**বিষয়: বিদেশ গমনের অনুমতি সহ বহিঃবাংলাদেশ ছুটি (Ex-Bangladesh Leave) এবং পাসপোর্টের অনাপত্তিপত্র (N.O.C) গ্রহণ সংক্রান্ত আবেদনের অগ্রবর্তী কপি (advance copy)ইমেইলের মাধ্যমে প্রেরণ সংক্রান্ত।**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের বিভিন্ন পদে কর্মরত বিচার বিভাগীয় সদস্যদের বিদেশ গমনের অনুমতি সহ বহিঃবাংলাদেশ ছুটি (Ex-Bangladesh Leave) এবং পাসপোর্টের অনাপত্তিপত্র (N.O.C) গ্রহণ সংক্রান্ত আবেদন বর্তমানে ম্যানুয়ালি হার্ডকপি আকারে বাংলাদেশ সুপ্রিম কোর্টের মাধ্যমে আইন ও বিচার বিভাগে প্রেরণ করা হয়। এরূপ আবেদন শুধুমাত্র হার্ডকপি আকারে প্রেরণের ফলে ডি-নথি মাধ্যমে উক্ত আবেদন প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নানাবিধ জটিলতা সৃষ্টি হচ্ছে ।

০২। অনুচ্ছেদ ০১-এ বর্ণিত জটিলতা নিরসনকল্পে এরূপ আবেদনের মূল কপি হার্ডকপি আকারে যথারীতি সুপ্রিম কোর্টের মাধ্যমে আইন ও বিচার বিভাগে প্রেরণের পাশাপাশি আবেদনের একটিঅগ্রবর্তী কপি (advance copy) এবং তৎসংযুক্ত কাগজাদি পিডিএফ আকারে একটি মাত্র ফাইলেআবশ্যিকভাবে নিম্নবর্ণিত ই-মেইলে প্রেরণ করতে হবে এবং উক্ত ই-মেইলের বিষয় (Subject) অংশে আবেদনকারীর নাম, সার্ভিস আইডি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে:

(ক) জেলা জজ, অতিরিক্ত জেলা জজ, যুগ্ম জেলা জজ পদমর্যাদার বিচারকের ক্ষেত্রে section3@lawjusticediv.gov.bd

(খ) সিনিয়র সিভিল জজ ও সিভিল জজ পদমর্যাদার বিচারকের ক্ষেত্রে section1@lawjusticediv.gov.bd

০৩।এ সংক্রান্ত আবেদনে আবশ্যিকভাবে সার্ভিস সদস্যদের স্বাক্ষর ও নামের পর সার্ভিস আইডি নম্বর এবং পদবীর পর নিজ মোবাইল নম্বর এবং ইমেইল উল্লেখ করতে হবে ।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে ।

24/08/2026
(মোঃ মাসুম বিল্লাহ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৫৫১০০৮৮৬

নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৭.২০.৬৪৯

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩ / ২৪ আগস্ট ২০২৬

**কার্যার্থে ও জ্ঞাতার্থেবিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা/মহানগর দায়রা জজ ...................................... (সকল)।
৩. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৬. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
১০. বিভাগীয় স্পেশাল জজ...................................................... (সকল)।
১১. স্পেশাল জজ............................................................... (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের মধ্যে বিতরণের অনুরোধসহ

১২. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল............................ (সকল)।
১৩. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল................. (সকল)।
১৪. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
১৫. বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৬. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
১৭. বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.................................(সকল)।
১৮. চেয়ারম্যান, প্রথম/দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।
১৯. সদস্য, শ্রম আপীল আদালত, ঢাকা।
২০. চেয়ারম্যান, শ্রম আদালত, ..........................................(সকল)।
২১. সদস্য, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২২. সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল, ..........................................(সকল)।
২৩. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪. বিচারক, মানব পাচার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২৫. বিচারক, পারিবারিক আপীল আদালত..........................................(সকল)।
২৬. বিচারক, শিশু ধর্ষণ প্রতিরোধ ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২৭. বিচারক, ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট..........................................(সকল)।
২৯. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..........................................(সকল)।

(১২–২৯) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের মধ্যে বিতরণের অনুরোধসহ

৩০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩২. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩৩. অতিরিক্ত সচিব মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা..........................(সকল)।
৩৪. যুগ্মসচিব (প্রশাসন-১/২/ মতামত/বাজেট ও উন্নয়ন/ প্রশিক্ষণ/ রেজিস্ট্রেশন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,(সকল)আইন ও বিচার বিভাগ।
৩৫. উপসচিব/উপসলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সকল)আইন ও বিচার বিভাগ।
৩৬. অফিস কপি।

28/06/2026

(মোঃ মাসুম বিল্লাহ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৫৫১০০৮৮৬